

৩

৩০২

২৬৬ ২৬/১১/২৪

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা

বিষয়: গোপালগঞ্জ জেলা পরিবার পরিকল্পনা সম্পর্কিত তথ্যাদির প্রতিবেদন প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গোপালগঞ্জ জেলার আওতাধীন উপজেলা/মাঠ পর্যায়ের পরিবার পরিকল্পনা সম্পর্কিত চলমান কার্যক্রমের তথ্যাদির প্রতিবেদন (কপি সংযুক্ত) সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২৭/১১/২৪

২৩/০২/২০২৪

(শাহ্ বুররাত জাহান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৩৫৭

ই-মেইল pi1@mefwd.gov.bd

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ইউ.ও নোট নং ৫৯.০০.০০০০.১২৬.৯৯.০৪০.১৯-২৯

তারিখ ২৫/০২/২০২৪ খ্রি.

A/O

Chmm
২৬/০২/২৪

৪২
২৬/০২/২৪

অফিস নথি

গোপালগঞ্জ জেলা

ওপি সংক্রান্ত কার্যক্রম: ২০২৩-২৪ অর্থবছরে এ পর্যন্ত আইইসি ওপি'র আওতায় ২টি এবং পিএসএসএম ওপির আওতায় ১টিসহ মোট ০৩টি প্রশিক্ষণ/কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। পরিবার সম্মেলন, স্কুল/কলেজ শিক্ষকদের নিয়ে অবহিতকরণ সভা এবং Basic Logistics Management Trading সম্পর্কিত বিষয়ে ০৩টি প্রশিক্ষণ/কর্মশালা অনুষ্ঠিত হয়েছে মর্মে উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা, গোপালগঞ্জ হতে জানিয়েছেন।

এমসিআরএএইচ ওপি'র আওতায় বিভিন্ন উপজেলা/মাঠ পর্যায়ে মা ও শিশু কল্যাণ কেন্দ্রের বিভিন্ন খাতে ব্যয় নির্বাহের জন্য ২০২৩-২৪ অর্থবছরে কোটালীপাড়া (লোখন্ডা ২২৫৪০০ টাকা ও ভাংগারহাট ৪০৭৬০০ টাকা), কাশিয়ানী (রাজপাট ৪৮৬২০০ টাকা ও রামদিয়া ৫১৫২০০ টাকা), টুঞ্জিপাড়া ৪০৬২০০ টাকা এবং মুকসুদপুর (শিরিন রসুল ২৪৩০০০ টাকা, গাড়লগাতি রাবেয়া খাতুন ১৮৯০০০ টাকা ও শেখ তফরুননেছা ২৩০০০০ টাকা) ও সদর (কলপুর ৩২০২০০ টাকা ও সদর ৮১৩৭০০ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)। উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা জানান তাঁর জেলায় ব্যবহার উপযোগী অটোক্রেভ মেশিনের সংখ্যা ৪১টি এবং ব্যবহার অনুপযোগী ১৭টি। এছাড়া খাবার বড়ি, ইমপ্ল্যান্ট, ইনজেকশন পর্যাপ্ত স্টোরে মজুদ রয়েছে। মাঠ কর্মীদের নিয়মিত পরিদর্শন করা হচ্ছে।

মেরামত কার্যক্রম: ২০২৩-২৪ অর্থবছরে গোপালগঞ্জ জেলায় ০৩টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র মেরামত কাজের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। ০৩টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ হলো- কোটালীপাড়া উপজেলার কান্দি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেরামত কাজ চলমান রয়েছে; কাজের অগ্রগতি ৩০%; মুকসুদপুর উপজেলার জলিরপাড় ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেরামত কাজ চলমান রয়েছে; কাজের অগ্রগতি ৩০% এবং সদর উপজেলার হরিদাসপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেরামত কাজের লে-আউট প্রদান করা হয়েছে। উল্লিখিত কার্যক্রমসমূহ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে।